গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

এন.টি.আর.সি.এ.'র সেবা প্রদান প্রতিশ্রুতি এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পবিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম জাকির হোসেন<br>সদস্য (প্রশাসন ও অর্থ ) |
| সভার তারিখ | ০১ মার্চ, ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকায় |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভার উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল। |

সভাপতি, উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি, সভার সদস্য ও সেবা প্রদান প্রতিশ্রুতি এর ফোকাল পয়েন্টকে আলোচ্যসূচি অনুসারে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের আহবান জানান। উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | এন.টি.আর.সি.এ. এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদকরণ; | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, জানুয়ারি ২০২৩ থেকে মার্চ ২০২৩ পর্যন্ত তৃতীয় ত্রৈমাসিকে পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে অফিস আদেশ জারী করা হয়েছে। তিনি আরো বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর ১.৪ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা সহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সভাপতি মহোদয় বলেন জানুয়ারি-২০২৩ থেকে মার্চ-২০২৩ পর্যন্ত ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার পূর্বে তিন অনুবিভাগ থেকে হালনাগাদ সংক্রান্ত মতামত সংগ্রহ করা প্রয়োজন। তিনি ত্রৈমাসিক ভিত্তিতে এন.টি.আর.সি.এ.'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে আপলোড ও প্রদর্শন করতে হবে এবং প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | সচিব<br>এন.টি. আর. সি. এ<br>ও<br>ফোকাল পয়েন্ট |
| ২ | অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজন; | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর ২.২ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২টি অবহিতকরণ সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে ৩য় কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে ০১ টি অবহিতকরণ সভা আয়োজন করার পরিকল্পনা রয়েছে। সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ১ টি সভা মার্চ, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন। | মার্চ, ২০২৩ এর মধ্যে ৩য় ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহণে ০১টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | সচিব<br>এন.টি. আর. সি. এ<br>ও<br>ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | বিবিধ | সভাপতি মহোদয় পরিবীক্ষণ কমিটির সকল সদস্যগণকে সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবা সমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সেবাপ্রত্যাশীদের সেবা প্রদান করা হয় কিনা সে বিষয়ে পর্যবেক্ষনের কাজ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | পরিবীক্ষণ কমিটির সদস্যগণকে পর্যবেক্ষণের কাজ অব্যাহত রাখতে হবে। | সচিব<br>এন.টি. আর. সি. এ<br>ও<br>ফোকাল পয়েন্ট |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Hossain
১২-০৩-২০২৩
এ এস এম জাকির হোসেন
সদস্য (প্রশাসন ও অর্থ )
০২-৪১০৩০০৪৬
member_admin@ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.১০৫৭

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);

২। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ);

৩। উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এবং

৪। পি.এ টু চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

১৩-০৩-২০২৩
লুৎফর রহমান
সহকারী পরিচালক, প্রশাসন (আইন ও সমন্বয়) ও সদস্য
সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট (সেবা প্রদান প্রতিশ্রুতি)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট "ক"